কাতারে সড়ক দুর্ঘটনায় মৌলভীবাজারের যুবক নিহত

চেম্বার ডেস্ক:: কাতারে সড়ক দুর্ঘটনায় হোসাইন আহমেদ জুয়েল (৩০) নামের এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় স্থানীয় সময় গত রোববার (৯ আগস্ট) সন্ধ্যায় মারা যান তিনি।

জুয়েলের বাড়ি মৌলভীবাজারের কুলাউড়া উপজেলার পৌর শহরের জয়পাশা এলাকায়। কুলাউড়া উপজেলার হাজীপুর ইউনিয়নের বাসিন্দা ও জুয়েলের শ্বশুর জয়নাল আবেদিন সোমবার (১০ আগস্ট) বিষয়টি নিশ্চিত করেন।

নিহতের পরিবার সূত্র জানায়, কাতারে একটি বেসরকারি প্রতিষ্ঠানে কাজ করতেন জুয়েল। ৬ আগস্ট তিনি পিকআপ ভ্যানে করে কর্মস্থলে যাচ্ছিলেন। এ সময় কাতারের আলকুর এলাকায় গাড়ি থেকে ছিটকে সড়কে পড়ে যান তিনি। এতে তিনি মাথায় আঘাত পান।

আশঙ্কাজনক অবস্থায় জুয়েলকে স্থানীয় একটি হাসপাতালের নেওয়ার পর সেখানে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।